# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 MARCH 2025** **7:45—7:55 PM IST**

=================================================

(১) রাজ্যের বিভিন্ন ইঞ্জিনিয়ারিং কলেজে ঠিকাভিত্তিতে কর্মরত ১৪৭ জন অংশকালীন প্রবক্তার নিযুক্তি বাতিলকে কেন্দ্র করে বিরোধী পক্ষের সভা স্থগিত প্রস্তাব ।

(২) রাজ্যের মহিলাদের জন্য চারটি পৃথক নেশামুক্তি ও পুর্নবাসন কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব প্রেরণ ।

(৩) ভারত-বাংলাদেশ সীমান্তের আসাম অংশের প্রায় ২শো ২৯ কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে বলে সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরার প্রকাশ ।

এবং

(৪) লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ ট্রফী ফুটবল প্রতিযোগীতার ফাইনালে আগামীকাল উত্তর-পূর্ব সীমান্ত রেল ক্রীড়া সংস্থা // নর্থ ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাবের মুখোমুখি ।

---

রাজ্যের বিভিন্ন ইঞ্জিনিয়ারিং কলেজে ঠিকাভিত্তিতে কর্মরত ১৪৭ জন অংশকালীন প্রবক্তার নিযুক্তি বাতিলকে কেন্দ্র করে বিরোধী পক্ষের সভা স্থগিত প্রস্তাব উত্থাপনের দাবীকে নিয়ে আজ বিধানসভায় হৈ-হট্টগোল পরিস্থিতির সৃষ্টি হয় । সভায় প্রশ্নোত্তর কাল শেষ হবার পরই বিরোধী দলপতি দেবব্রত শইকিয়া এসম্পর্কে সভা স্থগিত প্রস্তাব

উত্থাপনের জন্য অধ্যক্ষের কাছে দাবী জানান । অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী এই প্রস্তাব নাকচ করে শূণ্যকালে বিষয়টি আলোচনা করার জন্য পরামর্শ দিলেও কংগ্রেস ও এ আই ইউ ডি এফের বিধায়কদের সঙ্গে বিধায়ক অখিল গগৈ অধ্যক্ষের দাবী অগ্রাহ্য করে হাতে হাতে প্লে-কার্ড নিয়ে সভার মধ্যে প্রতিবাদ জানান । সভায় হৈ-হট্টগোল পরিস্থিতির জন্য অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী ১০ মিনিটের জন্য সভার কাজকর্ম স্থগিত রাখতে বাধ্য হন । সভা পুনরায় মিলিত হবার পর বিরোধী পক্ষ এই দাবী সম্পর্কে সরকার থেকে এক বিবৃতি দাবী করে । অধ্যক্ষের আসনে থাকা উপাধ্যক্ষ নোমাল মমিন এ সম্পর্কে একটি বিবৃতি দিতে সরকারকে দেন । সভার কাজকর্ম শেষ হবার কিছুসময় পূর্বে সংসদীয় পরিক্রমা মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী ইঞ্জিনিয়ারিং কলেজের ১৪৭ জন ঠিকাভিত্তিক প্রবক্তার নিযুক্তি বাতিল সম্পকে আগামী ২১ মার্চ রাজ্যসরকার সভায় এক বিবৃতি দেবে বলে ঘোষনা করেন ।

---------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ দেশের সামগ্রিক তথা দীর্ঘস্থায়ী উন্নয়নের স্বার্থে সমাজের বঞ্চিত এবং অনগ্রসর শ্রেণীর লোকেদের উন্নতি সাধনে গুরুত্ব আরোপ করেছেন । আজ চন্ডীগড়ে পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ৭২ তম সমাবর্তন অনুষ্ঠানে পৌরহিত্য করে তিনি একথা বলেন । রাষ্ট্রপতি বলেন যে ছাত্র-ছাত্রীদের মধ্যে সংবেদনশীলতার সঙ্গে দেশের প্রতি প্রেমের মনোভাব থাকা উচিত । শিক্ষার্থীদের অভিনন্দন জানানো সহ তাদের ইতিবাচক মনোভাব পোষণ করে ভবিষ্যতের প্রত্যাহ্বানসমূহের মুখোমুখি হবার জন্য প্রযুক্তির অগ্রগতির সঙ্গে নিজেকে মানিয়ে নিয়ে এগিয়ে যেতে শ্রীমতি মূর্মূ পরামর্শ দেন ।

---------------------------------------------------------------------------------

আসাম ২০৪৭ সালের মধ্যে অর্থনৈতিক ক্ষেত্রে দেশকে নেতৃত্ব প্রদান করবে । সেই লক্ষ্যকে সামনে রেখে পরবর্তী অর্থ বছরের জন্য বাজেট প্রস্তুত করা হয়েছে বলে আজ বিধানসভায় বাজেট বিতর্কের উত্তর দিয়ে অর্থ মন্ত্রী অজন্তা নেওগ জানান ।

---------------------------------------------------------------------------------

তিনি বলেন যে আসাম সম্প্রতি দেশের ২৮টি রাজ্যের মধ্যে নিজের স্বতন্ত্র পরিচয় তুলে ধরতে সক্ষম হয়েছে । অর্থমন্ত্রী আরো বলেন যে আগামী ৩১ মার্চের মধ্যে বাজেট ব্যায়ের পরিমান ৮৫ শতাংশ স্পর্শ করবে ফলে ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট ব্যায় ৯০ শতাংশ বৃদ্ধি করা হয়েছে । সরকার আসামকে অর্থনৈতিক ভাবে শক্তিশালী করার সংকল্প গ্রহণ করেছে বলে উল্লেখ করে শ্রীমতী নেওগ বলেন যে অবাস্তব ভাবে কোন বিভাগের পুজি কর্তন করা হয় নি । কন্টিনজেন্সি ফান্ডে ২ হাজার কোটি টাকা

রাখা হয়েছে বলেও অর্থমন্ত্রী জানান । তিনি বলেন যে কোন বিভাগের প্রয়োজন হলে এই অর্থ ব্যবহার করতে পারবে ।

এর আগে বিধানসভায় আজ দ্বিতীয় দিনের জন্য অনুষ্ঠিত ২০২৫-২৬ অর্থ বছরের সাধারণ বাজেট নিয়ে আলোচনায় অংশ গ্রহণ করে অসম গণ পরিষদ দলের রামেন্দ্র নারায়ন কলিতা বলেন যে আসাম বর্তমানে অর্থনৈতিক ক্ষেত্রে নতুন গতি লাভ করেছে । ফলে রাজ্যের বিকাশের গতিও তরান্বিত হয়েছে বলে তিনি উল্লেখ করেন । শ্রী কলিতা বলেন যে দরিদ্রতা নির্মুল করার ক্ষেত্রে বাজেটে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে । আলোচনায় অংশ গ্রহণ করে কংগ্রেসের আব্দুল বাতিন খান্ডেকার বলেন যে কোন দেশ বা রাজ্যের বিকাশ যদিও মূলধন ব্যায়ের ওপর নির্ভর করে তবে এবারের বাজেটে রাজ্য সরকার উন্নয়নের ক্ষত্রটিকে সড়িয়ে গেছে ফলে বিভিন্ন বিভাগের তহবিল কর্তন করা হয়েছে । তিনি বলেন যে চলতি অর্থ বছরে গ্রামোন্নয়ন খাতে ৭ হাজার ১শো ২২ কোটি টাকা ধার্য করা হয়েছিল কিন্তু পরবর্তী অর্থ বছরের জন্য এই খাতে মাত্র ৪ হাজার ৯শো ৩৮ কোটি টাকা ধার্য করা হয়েছে । বি পি এফ-এর বিধায়ক দূর্গা দাস বড়ো বেকার সমস্যের ভয়াবহত দূর করতে শিল্পায়নের ওপর আরো বেশি গুরুত্ব আরোপ করতে সরকারের প্রতি আহ্বান জানান । কংগ্রেসের বিধায়ক আব্দূর রহমান আহমেদ আলোচনায় অংশ নিয়ে বাজেটে কর্ম সংস্থানের বিষয়টির কোন উল্লেখ নাই বলে মন্তব্য করেন ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের মহিলাদের জন্য চারটি পৃথক নেশামুক্তি ও পুর্নবাসন কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব প্রেরণ করা হয়েছে । সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের মন্ত্রী পীযূষ হাজারিকা আজ বিধানসভায় এক প্রশ্নের উত্তরে একথা জানান । শ্রী হাজারিকা বলেন যে রাজ্যে বর্তমানে ২০ টি নেশামুক্তি ও পুর্নবাসন কেন্দ্র রয়েছে ।এরমধ্যে ছটি সরকারের এবং ১৪ টি বেসরকারী সংস্থা দ্বারা পরিচালিত বলে মন্ত্রী জানান । রাজ্যের নেশামুক্তি ও পুর্নবাসন কেন্দ্রসমূহের সাম্প্রতিক স্থিতি সম্পর্কে মন্ত্রী বলেন -----

বাইট

------------------------------------------------------------------------------------

ভারত বাংলাদেশ সীমান্তের আসাম অংশের প্রায় ২শো ২৯ কিলোমিটার এলাকায় কাঁটা তারের বেড়া নির্মান কার্য সম্পন্ন হয়েছে বলে সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা আজ বিধান সভায় তথ্য প্রকাশ করেছেন । বিধায়ক জাকির হুসেইন

সিকদারের এই মর্মে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে শ্রী বরা এই তথ্য জানিয়ে বলেছেন যে বাকি থাকা অঞ্চল নদী এলাকা হওয়ার ফলে বেড়া নির্মান সম্ভব হয় নি । বেড়া নির্মান করার বাকি থাকা অংশের অধীন শ্রীভূমি জেলার কুশিয়ারা নদীর পারের ৫ কিলোমিটার অংশে আপত্তি থাকায় কাঁটা তারের বেড়া দেওয়া সম্ভব হয়নি বলেও তিনি জানান । নদী অঞ্চলগুলিতে সীমান্ত সুরক্ষা বাহিনী পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করে সতর্ক প্রহরা দিচ্ছে বলেও তিনি জানান । সীমান্ত সুরক্ষা উন্নত করার লক্ষ্যে এবং আর্ন্তজাতিক বাণিজ্য সুচল করে তুলতে গত নভেম্বর মাসে তামুলপুর জেলার দরঙ্গায় ভারত-ভুটান সীমান্তে প্রথম সংহত তল্লাসী কেন্দ্র স্থাপন করা হয় । এছাড়াও ভারত ও ভুটানের মধ্যে যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত করার উদ্দেশ্যে এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে কোকরাঝার-গেলেফু রেলপথের ঘোষণা করা হয় । ৩৫ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে এই প্রকল্পের কাজ কোকরাঝার থেকে শুরু হয়ে ভুটানের গেলেফুতে সমাপ্ত হবে । এর মাধ্যমে বাণিজ্য, পর্যটন এবং আঞ্চলিক উন্নয়নের গতি তরান্বিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---

রাজ্যের উদ্যান শষ্য এবং খাদ্য প্রক্রিয়াকরণ সঞ্চালকালয়ের অধীনের উদ্যান শষ্য অভিযানের অংশ হিসেবে হিম ঘর স্থাপনের ব্যবস্থা করা হয়েছে বলে কৃষি মন্ত্রী অতুল বরা আজ বিধান সভায় জানিয়েছেন । এই প্রকল্পের অধীনে রাজ্যের কৃষকরা ৫০ শতাংশ সরকারী সহায়তায় সামগ্রী ক্রয় করতে পারবেন । কৃষকরা স্থানীয় জেলা কৃষি আধিকারিকের মাধ্যমে এর জন্য আবেদন করতে পারবেন । আবেদন পত্র জমা দেওয়ার পরই সঞ্চালকালয় এ সম্পর্কে বিহিত ব্যবস্থা গ্রহণ করবে বলে মন্ত্রী শ্রী বরা আশ্বাস দিয়েছেন । পৃথক এক প্রশ্নের উত্তরে শ্রী বরা বলেন যে রাজ্যের কৃষি বিভাগ ২০১৬ সাল থেকে এ পর্যন্ত ১৭ হাজারেরও অধিক ট্রেক্টর এবং ৩ হারের অধিক পাওয়ার টিলার বিতরণ করেছে ।

---

কেন্দ্রীয় সরকারের জৈব প্রযুক্তি বিভাগ এবং রাজ্য সরকার অর্থনীতি , পরিবেশ ও কর্মসংস্থাপনের জন্য জৈব প্রযুক্তি - বায়ো থ্রী নীতির অধীনে একটি ঐতিহাসিক চুক্তি সাক্ষর করেছে । এই চুক্তির মাধ্যমে রাজ্যে বহণক্ষম জৈবপ্রযুক্তি অনুকূল পরিবেশ গড়ে জৈব উৎপাদন তরান্বিত করার লক্ষ্য ধার্য করা হয়েছে । চুক্তির অধীনে জৈবপ্রযুক্তি বিভাগ যাবতীয় পরামর্শ প্রদান করে উভয়ের মধ্যে সহযোগিতার পরিবেশ গড়ে তুলবে । এছাড়াও , রাজ্য সরকার বায়ো-থ্রী সেল গঠন করে এই উদ্যমকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার পদক্ষেপ গ্রহণ করবে । রাজ্য সরকার আসাম বায়ো-থ্রী পরিকল্পনাও প্রস্তুত

করবে । উল্লেখ্য যে কেন্দ্রীয় মন্ত্রীসভা গত আগষ্ট মাসে ভারতবর্ষকে জৈব আধারিত উদ্ভাবনের জন্য একটি অগ্রণী দেশ হিসেবে গড়ে তোলার পরিকল্পনা হাতে নিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ ট্রফী ফুটবল প্রতিযোগীতার ফাইনালে আগামীকাল উত্তর-পূর্ব সীমান্ত রেল ক্রীড়া সংস্থা // নর্থ ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাবের বিরুদ্ধে অবতীর্ণ হবে । নর্থ ইষ্ট ইউনাইটেড ক্লাব গতকাল গৌহাটীর জজ খেলার মাঠে অনুষ্ঠিত প্রতিযোগীতার দ্বিতীয় সেমিফাইনালে শিলং লাজং ফুটবল ক্লাবকে ১-০ গোলে পরাজিত করে ফাইনালে স্থান নিশ্চিত করেছে । উত্তর-পূর্ব সীমান্ত রেল ক্রীড়া সংস্থা গত সোমবার একই মাঠে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে গ্লোবেল ফুটবল ক্লাবকে ৩-১ গোলের ব্যবধানে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা কৃষি বিভাগের উদ্যোগে কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার করে উৎপাদিত সামগ্রীর প্রর্দশন করতে আজ থেকে স্থানীয় টাউন হলে কিষান মেলা শুরু হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফাইরিম এই মেলার উদ্বোধন করে কৃষি ও সহযোগী ক্ষেত্রের উন্নয়নে সরকারের প্রচেষ্টার কথা উল্লেখ করেন ।

বাইট

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা শিল্প , রেশম , পশুপালন বিভাগের আধিকারীকরা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । আগামীকালও এই মেলা ও প্রদর্শনী চলবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলায় হোলি উৎসব উপলক্ষ্যে আগামী ১৫ই মার্চ স্থানীয় ছুটি ঘোষনা করএছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে এন আই এক্টের অধীনে আগামী ১৫ই মার্চ কেন্দ্র ও রাজ্য সরকারের সব কার্য্যলয় , আদালত , শিক্ষা ও আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে । তবে জরুরী পরিষেবা সহ সব ধরনের লিখিত , মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকার এই ছুটির আওতার বাহিরে থাকবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি এ পি ডি সি এল-এর ডেপুটি জেনারেল ম্যানেজার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার নব নির্মিত ৩৩ কেভি শিরিষপুর ফিডার আগামীকাল সকাল সাড়ে নটার পর চালু হবে । এর পরিপ্রেক্ষিতে নব নির্মিত ৩৩ কেভি শিরিষপুর বৈদ্যুতিক লাইনের সংস্পর্শে জনসাধারনকে না আসতে সর্তক করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

৩৮ আসাম রাইফেলসের ব্যবস্থাপনায় এবং আই জি আসাম রাইফেলসের সহযোগীতায় আজ শিলচর আসাম রাইফেলস প্রাঙ্গনে বরাক উপত্যকার তিন জেলা সহ ডিমা হাসাও জেলার অবসরপ্রাপ্ত সেনা কর্মী ও আধিকারীকদের নিয়ে বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে । আজকের সভায় অবসরপ্রাপ্ত সেনা কর্মী ও আধিকারীকদের বিভিন্ন সমস্যা ও কল্যানের বিষয় নিয়ে আলোচনা সহ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । এছাড়া আসাম রাইফেলসের ব্যান্ড শো , ডগ শো, নেপালি জনগোষ্টীর প্রসিদ্ধ খুকুরি নৃত্য , বিহু নৃত্য পরিবেশিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------